

## কুতুবদিয়ায় জন্ম ও মৃত্যুর জাল সনদ বিক্রির দায়ে আটক ১

কুতুবদিয়ায় ভোটার তালিকা হালনাগাদ ও নতুন ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হওয়ার জন্য ইউনিয়ন পরিষদের সিল ও চেয়ারম্যানের স্বাক্ষর জাল করে

জন্ম ও মৃত্যুনিবন্ধন সনদ বিক্রির সময় ভ্রাম্যমাণ আদালত একটি জালচক্রের এক সদস্যকে জরিমানা করেছেন। বুধবার উত্তর ধুরং ইউনিয়ন ও লেমশীখালী ইউনিয়ন পরিষদের সিল ও চেয়ারম্যানের স্বাক্ষর জাল করে জন্ম ও মৃত্যুনিবন্ধন সনদ বিক্রি করার সময় কুতুবদিয়া উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট ফিরোজ আহমেদ ধুরং বাজারের একটি দোকান থেকে উত্তর ধুরং ৯নং ওয়ার্ডের নুরুল হকের ছেলে রফিকুল ইসলামকে আটক করেন। পরে তাকে জন্ম ও মৃত্যুনিবন্ধন (২০০৪) আইনের ধারায় ৫০০ টাকা জরিমানা করেছেন। উত্তর ধুরং ইউপি চেয়ারম্যান সিরাজউদ্দৌলাহ জানান, সম্প্রতি ভোটার তালিকা হালনাগাদে নতুন ভোটার হতে হলে জন্মনিবন্ধন আবশ্যকীয় হওয়ায় একটি চক্র উত্তর ধুরং ও লেমশীখালী ইউনিয়ন পরিষদের সিল ও চেয়ারম্যানের স্বাক্ষর জাল করে এ সনদ বিক্রি করার খবর পেয়ে উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট ঘটনাস্থলে গিয়ে সরঞ্জাম উদ্ধার করে জরিমানা করেছেন।

এ চক্রটি এ পর্যন্ত দুই ইউনিয়নের দুই থেকে আড়াইশ' নিবন্ধন কার্ড প্রতিটি দুই থেকে আড়াইশ' টাকা করে বিক্রি করেছে বলে জানান।

সূত্র ও লেখক @Source & Writer: কুতুবদিয়া, সমকাল